ঝিনাইদহে রবি মৌসুমের বীজ ও সার বিতরণ

ঝিনাইদহে বিনামুল্যে ৫ হাজার ৯’শ ২০ জন কৃষকের মাঝে বিনামূল্যে ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে শীতকালীন পেঁয়াজ, গম, ভ’ট্রা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, মসুর, খেসারী ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় বীজ ও সার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ উপকরণাদী বিতরণ করা হয়। ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী এ উপকরণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

সেসময় জেলা কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, শীতকালীন পেঁয়াজ, গম, ভ’ট্রা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, মসুর, খেসারী ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার বিভিন্ন গ্রামের ৫ হাজার ৯’শ ২০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ২৫.০৭ মেট্রিক টন উন্নত জাতের শীতকালীন পেঁয়াজ, গম, ভ’ট্রা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, মসুর ও খেসারী বীজ এবং ১২০.৫ মেট্রিক টন রাসায়নিক সার দেওয়া হয়।

ঝিনাইদহে ৩ হাজার ৪’শ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ৩ হাজার ৪’শ ৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে

কৃষি বিভাগের পক্ষ থেকে এ সার-বীজ বিতরণ করা হয়।

সেসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, জেলা প্রশিক্ষণ অফিসার বিজয় কৃষ্ণ হালদার, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্তসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগের কর্মকর্তারা জানায়, ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ ও পাটের আবাদ বৃদ্ধির লক্ষ্যে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ১৩’শ ৫০ জন কৃষকের প্রত্যেককে ৫ কেজি ধানের বীজ ও ২০ কেজি রাসায়নিক সার এবং ২১’শ কৃষককের প্রত্যেককে ১ কেজি পাট বীজ দেওয়া হয়।